

জনান্তিকে

প্রকাশ্যে নয় এখন যা বলার বলব জনান্তিকে
 ভাষাও থাকবে না স্বতঃসিদ্ধ ব্যাকরণ সম্মত
 যেমন সান্ন্যভাষায় গূঢ়মন্ত্র লিখে যান চর্যার কবিরী
 সভাঘরে আর কথা নয়
 ওখানে বসে থাকেন প্রসিদ্ধ মুখোশেরা
 পরিপাটি মুখশ্রী আর বিন্যস্ত পোষাকে
 ওরা টপ্পাঠুংরির সমঝদার

এসব কথা কোনো পুথিসিদ্ধ নয়
 ছাপার হরফ কীভাবে সব বে- আত্র করে দিচ্ছে
 ওখানে কোনো নিভৃত কলাম নেই কথা বলার

প্রিয় পাঠকদের জন্য কিছু কথার রহস্য পুষে রেখেছে
 যেমনভাবে নিভৃতে দোপাটির ইচ্ছে বাগানে থাকে
 সভাঘরের করিডরে অগুনতি কথার হাতে
 কোনো কথা পড়তে পায় না।
 ক্ষুধার্ত নেকড়ের মতো সব সঙ্গে সঙ্গে দাঁতে কাটে
 ওখানে কিছু বলার জো নেই

নিজস্ব আড়ালে যদি আসো
 আমি জনান্তিকে তোমাকে সব কথা
 উজাড় করে দিয়ে হালকা হব
 কথাগুলো আমার বুকে পাথর হয়ে আছে।

কৃষ্ণ ও ধর

